

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫০/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল হক

পিতা-হাজী মোঃ আব্দুল হাকিম

হারুয়া পূর্ব ফিসারী রোড

কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : ডেপুটি জেনারেল ম্যানেজার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

পল্লী বিদ্যুৎ অফিস, কটিয়াদী

কিশোরগঞ্জ।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল হক ১৩-০১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মনির উদ্দিন মজুমদার, ডি. জি. এম. ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), পল্লী বিদ্যুৎ অফিস, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবরে রেজিস্টার্ড ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- জেলা কিশোরগঞ্জ থানা নিকলী গ্রাম ও মৌজা নানশ্রীর মধ্যে কবর স্থানের উত্তর দিকের পিলার হইতে নদীর পূর্ব দিকে জাবর বিচা যে বিদ্যুৎ লাইন স্থাপন করা হইবে উক্ত লাইনের ফটোকপি এবং কয়টি পিলার স্থাপন করা হইবে এবং একটি পিলার হইতে অপর আরেকটি পিলারের দুরত্ব কত ফুট। শাণ্ বাড়ীতে স্যালো মেশিনের পাইপ বসানো আছে উক্ত পাইপের উপর দিয়া লাইন নিবে কিনা? না নিলে স্যালো মেশিনে লাইন পাওয়ার জন্য কোনো পিলার দিবে কিনা? এবং কটিয়াদী থানার অন্তর্গত মৌজা এবং বনগ্রাম মধ্যপাড়া নন্দীপুর নানশ্রী বাড়ীর হাকিমীয়া জামে মসজিদে বিদ্যুৎ লাইন পাওয়ার জন্য কোনো দরখাস্ত করতে দিয়াছে কিনা? দিয়া থাকিলে তার ফটোকপি। এবং উক্ত দরখাস্ত পাওয়ার কোনো আদেশ হইয়াছে কিনা? হইয়া থাকিলে তার ফটোকপি। এবং উক্ত মসজিদে বিদ্যুৎ লাইন দেওয়ার জন্য কোনো ম্যাপ তৈরীর বা আদেশ দিয়াছেন কিনা? কোন মৌজা তৈরী করিয়া থাকিলে বা আদেশ হইয়া থাকিলে উক্ত ম্যাপ ও আদেশের ফটোকপি। এবং কয়টি পিলার দেওয়া হইয়াছে এবং এসকল বিদ্যুৎ লাইন স্থাপন করা হইয়াছে তখন আমরা ১০ টাকার রশিদ দিয়াছিল, তারপরও কেন বনগ্রাম নন্দীপুর নানশ্রী বাড়ীর সহ আশপাশে উত্তর ও দক্ষিণ দিগের ১০ টি বাড়ীতে বিদ্যুৎ লাইন দেওয়া হয় নাই। এখন দেওয়া হবে কিনা?

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৯-০২-২০১৪ তারিখে জনাব মোঃ আব্দুল ওয়ারিদ, জি. এম. ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), পল্লী বিদ্যুৎ সমিতি, কিশোরগঞ্জ বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১১-০৫-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুল হক ও প্রতিপক্ষ কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব) জনাব মনির উদ্দিন মজুমদার হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব) জনাব মনির উদ্দিন মজুমদার তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি কটিয়াদী পল্লী বিদ্যুৎ অফিসের জেনারেল ম্যানেজার থাকাকালীন সময়ে তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত হন, অভিযোগকারীর প্রার্থিত তথ্য তার কার্যালয়ে সংরক্ষিত না থাকায় সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ করেন। বিদ্যুৎ লাইন স্থাপন করার পূর্বের তথ্য আগাম তথ্য বিধায় তা সরবরাহ করা হয়নি। আগাম তথ্য প্রদান করা হলে সরকারী কাজ বাধাগ্রস্ত হবে, অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটতে পারে। অভিযোগকারী অসৎ উদ্দেশ্যে আগাম তথ্য গ্রহণ করে অবৈধ সুযোগ সুবিধা নেয়ার চেষ্টা করবে। বিদ্যুৎ লাইন স্থাপন করার কাজ শেষ হলে তথ্য দিতে পারবেন মর্মে তিনি নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থিত তথ্য আগাম তথ্য বিধায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তা সরবরাহযোগ্য নয়। লাইন নির্মাণ কাজ শেষ হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, অভিযোগকারীর প্রার্থিত তথ্য আগাম তথ্য, সেহেতু তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আগাম তথ্য প্রদান যোগ্য নয়, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার